



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর
web:www.ccr.gov.bd



নম্বর: ১৪২

তারিখ: ২৯-১২-২০২৪ খ্রি.


বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরে কারমাইকেল কলেজের ক্যান্টিন পরিচালনার জন্য ক্যান্টিন পরিচালনায় আগ্রহী ও অভিজ্ঞ ব্যক্তিদের নিকট নিম্নলিখিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আগামী ০৫-০১-২০২৫ তারিখের মধ্যে আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ:

১. বাৎসরিক সরকারি ছুটি হিসাব অনুযায়ী শুধুমাত্র কর্মদিবসসমূহে ক্যান্টিন চালু রাখতে পারবে;
২. স্বাস্থ্যকর ও গুণগত মানসম্পন্ন খাবার সরবরাহ করতে হবে;
৩. ক্যান্টিন নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে;
৪. প্রতি মাসের ১ - ৫ তারিখের মধ্যে ক্যান্টিন ভাড়া ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা করতে হবে (ভাড়া আলোচনা সাপেক্ষে);
৫. পানি ও বিদ্যুৎ বিল নিয়মিত পরিশোধ করতে হবে;
৬. শিক্ষকগণের জন্য আলাদা বসার ব্যবস্থা রাখতে হবে;
৭. ক্যান্টিন বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি কোনোক্রমেই ধূমপানসহ যে কোন নেশা বা নেশা জাতীয় দ্রব্য রাখা, ক্রয়-বিক্রয় বা এই বিষয়ে কাউকে কোনোরূপ সহযোগিতা করার প্রমাণ পাওয়া গেলে ক্যান্টিন বরাদ্দের আদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
৮. কোনোক্রমেই বিকাল ৫.০০ টার পর ক্যান্টিন খোলা রাখা যাবে না;
৯. ক্যান্টিনের মালামালসমূহ ক্ষতিগ্রস্ত হলে নিজ দায়িত্বে মেরামত করতে হবে এবং ৩০ জুন, ২০২৬ তারিখের মধ্যে বুঝে দিতে হবে;
১০. ক্যান্টিনের মালামালসমূহের নিরাপত্তাজনিত কারণে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জমানতস্বরূপ রাখতে হবে;
১১. সরকারি বিধি মোতাবেক উৎসে কর, ভ্যাট ও ট্যাক্স ক্যান্টিন বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিকে পরিশোধ করতে হবে;
১২. উপরোক্ত যে কোনো একটি শর্ত ভঙ্গ করলে ক্যান্টিন বরাদ্দ বাতিল বলে গণ্য হবে;
১৩. কর্তৃপক্ষ যে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

প্রতি স্বাক্ষরিত


২৯.১২.২০২৪

প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান-৫৪৫৪

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর
(প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান-৫৪৫৪)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।


আহ্বায়ক ২৯/১২/২০২৪

ক্যান্টিন ব্যবস্থাপনা কমিটি
কারমাইকেল কলেজ, রংপুর

তারিখ: ২৯-১২-২০২৪ খ্রি.

নম্বর:

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১. উপাধ্যক্ষ, কারমাইকেল কলেজ, রংপুর;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, কারমাইকেল কলেজ, রংপুর;
৩. প্রধানসহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, কারমাইকেল কলেজ, রংপুর;
৪. নোটিশ বোর্ড, কারমাইকেল কলেজ, রংপুর;
৫.
৬. সংরক্ষণ নথি।